

শিক্ষাক্ষেত্রে বৈষম্য দূর করতে শিক্ষা সচিবের কাছে শিক্ষক সমিতির স্মারকলিপি পেশ

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ শিক্ষক সমিতি আগামী ৩০ মের মধ্যে শিক্ষাক্ষেত্রে সরকারী-বেসরকারী বৈষম্য অবসানের দাবী সংশ্লিষ্ট শিক্ষামন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ও শিক্ষা সচিবের নিকট স্মারকলিপি পেশ করেছে।

শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়ার নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল শিক্ষাক্ষেত্রে সরকারী-বেসরকারী বৈষম্য দূর করার জন্য ৩০ মে পর্যন্ত সময়সীমা বেধে দিয়ে গতকাল (শনিবার) স্মারকলিপি পেশ করেছেন।

স্মারকলিপিতে বলা হয়েছে, উল্লিখিত তারিখের মধ্যে দাবী পূরণ না হলে শিক্ষক সমিতি আন্দোলন শুরু করবে। স্মারকলিপিতে বেতন ও সময়ানুষ্ঠিতার দাবী জানিয়ে শিক্ষা অধিদপ্তর,

শিক্ষা-বোর্ড, আঞ্চলিক উপ-পরিচালক জেলা শিক্ষা-অফিসার পদে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের পদায়নে সকল বাধা দূর করার আহবান জানানো হয়। প্রতিনিধি দলে ছিলেন মোঃ কলিমুল্লাহ, আবদুল খালেক প্রমুখ।